গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
(কর প্রশাসন-২ শাখা)
www.nbr.gov.bd

তারিখ: ২৩ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৭ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর: ০৮.০১.০০০০.০০০.০২০.০৩.০০০৩.২৫.১

**প্রজ্ঞাপন**

যেহেতু, মিজ্ রুমা পারভীন, কর পরিদর্শক, যুগ্ম কর কমিশনারের কার্যালয়, পরিদর্শী রেঞ্জ-৪, কর অঞ্চল-৫, ঢাকা (প্রাক্তন- আপীলাত বেঞ্জ-৩, কর আপীল অঞ্চল-২, ঢাকা) জাতীয় রাজস্ব বোর্ডের দ্বিতীয় সচিব (কর প্রশাসন-২) শাখার স্মারক নম্বর এবং স্বাক্ষর জালিয়াতির মাধ্যমে জি.ও জারি করে অস্ট্রেলিয়া গমনের উদ্দেশ্যে অস্ট্রেলিয়া হাই কমিশন, নিউ দিল্লিতে আবেদন করেন। অস্ট্রেলিয়ান হাই কমিশন, নিউ দিল্লি হতে জি.ও এর বিষয়ে সন্দেহ হওয়ায় টেলিফোন এর মাধ্যমে অত্র অফিসে অবহিত করে একটি অফিসিয়াল পত্র এবং জি.ও এর কপি বিগত ১৮/০৪/২০২৩ খ্রিঃ তারিখে ই-মেইল যোগে প্রেরণ করেন এবং জি.ও এর বিষয়ে তদন্তপূর্বক সত্যতা যাচাই করে জানানোর জন্য অনুরোধ করেন। অত্র শাখার ইস্যু রেজিস্টার যাচাই করে দেখা যায় যে, জি.ও টি অত্র শাখা হতে জারি করা হয়নি এবং কর্মকর্তার স্বাক্ষরেরও কোন মিল নেই। মিজ্ রুমা পারভীন, কর পরিদর্শক, অস্ট্রেলিয়া গমনের উদ্দেশ্যে জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নম্বর এবং দ্বিতীয় সচিব (কর প্রশাসন-২) এর স্বাক্ষর জালিয়াতি করে জি.ও জারী করেছেন মর্মে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ'-এর অভিযোগে রুজুকৃত বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয়; এবং

২। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা মিজ্ রুমা পারভীন, কর পরিদর্শক, ০৮ নভেম্বর, ২০২৩ খ্রিঃ অর্থাৎ নির্ধারিত সময়সীমার মধ্যে জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করেন এবং এরই প্রেক্ষিতে ২২ নভেম্বর, ২০২৩ খ্রিঃ তারিখ তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; এবং

৩। যেহেতু, ব্যক্তিগত শুনানিকালে উভয় পক্ষের বক্তব্য এবং নথি পর্যালোচনায় উল্লিখিত অভিযোগের বিষয়ে ন্যায় বিচার নিশ্চিত করা ও প্রকৃত তথ্য উদঘাটনের নিমিত্ত অভিযোগটি তদন্ত করা প্রয়োজন মর্মে প্রতীয়মান হওয়ায় একজন তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

৪। যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন, জনাব মোঃ জসিম উদ্দিন, দ্বিতীয় সচিব, কর প্রশাসন-২ এর দাখিলকৃত বক্তব্য, অস্ট্রেলিয়ান হাইকমিশন, নিউ দিল্লি কর্তৃক প্রেরিত মেইলের তথ্য ও অন্যান্য প্রমাণাদি পরীক্ষাপূর্বক দেখা যায় যে, মিজ্ রুমা পারভীন জাতীয় রাজস্ব বোর্ডের কর প্রশাসন-০২ শাখার দায়িত্বপ্রাপ্ত দ্বিতীয় সচিব এর স্বাক্ষর জালিয়াতি করে অস্ট্রেলিয়ান হাইকমিশন, নিউ দিল্লিতে ভিসা পাওয়ার জন্য নিজের পাসপোর্ট ও জাল জি.ও দাখিল করেছেন। এছাড়াও তিনি মিথ্যা তথ্য দিয়ে তাঁর পাসপোর্ট হারিয়ে গিয়েছে মর্মে থানায় জিডি করলেও অস্ট্রেলিয়ান হাইকমিশন, নিউ দিল্লি কর্তৃক প্রেরিত মেইলে এ বিষয়টি সুস্পষ্টভাবে প্রমাণিত হয়েছে যে, তাঁর পাসপোর্ট ডকুমেন্ট অস্ট্রেলিয়ান হাইকমিশন, নিউ দিল্লিতে জমা আছে। তাঁর এহেন কার্যকলাপে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী অসদাচরণ এর অভিযোগ প্রমাণিত হয়েছে;

৫। যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন এবং অন্যান্য তথ্যাদি যাচাইঅন্তে উক্ত কর্মকর্তাকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর দায়ে অভিযুক্ত করে তাঁকে কেন সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ২০১৮ এর ৪(৩) বিধি অনুযায়ী গুরুদন্ড প্রদান করা হবে না মর্মে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ জারী করা হয়; দ্বিতীয় কারণ দর্শানো নোটিশের প্রতি উত্তরে তাঁর প্রেরিত জবাব সন্তোষজনক নয় মর্মে প্রতীয়মান হওয়ায়;

৬। যেহেতু, তাঁর বিরুদ্ধে প্রস্তাবিত শাস্তি প্রদানের বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন এর পরামর্শ চাওয়া হলে কমিশন

"চাকরি হতে বাধ্যতামূলক অবসর" গুরুদন্ড প্রদানের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করে;

৭। সেহেতু, মিজ্ রুমা পারভীন, কর পরিদর্শক, যুগ্ম কর কমিশনারের কার্যালয়, পরিদর্শী রেঞ্জ-৪, কর অঞ্চল-৫, ঢাকা (প্রাক্তন-আপীলাত রেঞ্জ-৩, কর আপীল অঞ্চল-২, ঢাকা)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮-এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ"-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের মাত্রা ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় তাঁকে একই বিধিমালার ৪(৩)(খ) বিধি অনুযায়ী "চাকুরী হতে বাধ্যতামূলক অবসর" দন্ড প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

০৭-০১-২০২৬
জি এম আবুল কালাম কায়কোবাদ
সদস্য (কর প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা)

নম্বর: ০৮.০১.০০০০.০০০.০২০.০৩.০০০৩.২৫.১/১ (১৭)

তারিখ: ২৩ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
০৭ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।
৪। সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা/বোর্ড প্রশাসন/ কর নীতি/কর আপীল ও অব্যাহতি/কর জরীপ ও পরিদর্শন/ কর লিগ্যাল এন্ড এনফোর্সমেন্ট/অডিট, ইন্টেলিজেন্স এন্ড ইনভেস্টিগেশন/তথ্য ব্যবস্থাপনা ও সেবা/ইন্টারন্যাশনাল ট্যাক্সেস), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৫। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা/গবেষণা ও পরিসংখ্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা/কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা/বিসিএস কর একাডেমী, ঢাকা।
৬। কর কমিশনার, কর অঞ্চল- ১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১/১২/১৩/১৪/১৫/১৬/১৭/১৮/১৯/২০/২১/২২/২৩/২৪/২৫, ঢাকা।
৭। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪/৫/৬, চট্টগ্রাম।
৮। কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট, ঢাকা/কেন্দ্রীয় কর জরীপ অঞ্চল, বাংলাদেশ।
৯। কর কমিশনার, কর অঞ্চল-রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/গাজীপুর/ময়মনসিংহ/নারায়ণগঞ্জ/বগুড়া/ কুমিল্লা/কক্সবাজার/যশোর/কুষ্টিয়া/নোয়াখালী/দিনাজপুর/ফরিদপুর/নরসিংদী।
১০। কর কমিশনার (আপীল), কর আপীল অঞ্চল-১/২/৩/৪, ঢাকা/খুলনা/চট্টগ্রাম/রাজশাহী।
১১। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাঁকে ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
১২। প্রথম সচিব, কর প্রশাসন/কর পরিবীক্ষণ ও প্রশিক্ষণ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
১৩। চেয়াম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [চেয়াম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।
১৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, ঢাকা/বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা..........।
১৫। উপ পরিচালক, বাংলাদেশ ফরমস এবং প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও।
১৬। মিজ্ রুমা পারভীন, কর পরিদর্শক, যুগ্ম কর কমিশনারের কার্যালয়, পরিদর্শী রেঞ্জ-৪, কর অঞ্চল-৫, ঢাকা।
১৭। ব্যক্তিগত নথি, .।

০৭-০১-২০২৬
জি এম আবুল কালাম কায়কোবাদ
সদস্য (কর প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা)